**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন্ন বর্ষায় সম্ভাব্য দুর্যোগ পরিস্থিতি মোকাবিলায় অত্যাধুনিক ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দিয়েছেন ।**

**(২) আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আজ তৃতীয় লিঙ্গ সদস্যদের নানা সমস্যা এবং বিষয় নিয়ে এক রাজ্যভিত্তিক আলোচনাচক্র এবং সচেতনতামূলক অনুষ্ঠান হয় ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রত্যেকেরই যোগব্যায়ামকে জীবনের অবিচ্ছেদ্য অংশ করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া এবং অন্যদেরও এই বিষয়ে উৎসাহিত করা উচিত ।**

**(৪) কাজাকিস্তানে অনুষ্ঠিত এশিয়ান ইয়থ র‍্যাপিড দাবা প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১০ বছরের বালিকাদের বিভাগে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করে রাজ্যের আরাধ্যা দাস চতুর্থ স্থান দখল করেছে।**

**************************************************

**Transgender Seminar :**

সমাজ উন্নয়ন এবং সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে ও স্বাভিমান সোসাইটির সহায়তায় আজ রবীন্দ্র শতবার্ষিকীভবনে তৃতীয় লিঙ্গ সদস্যদের নিয়ে এক রাজ্যভিত্তিক আলোচনা চক্র এবং সচেতনতামূলক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সমাজ উন্নয়ন ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের সামাজিক অর্থনৈতিক সহ নানা সমস্যাগুলি তুলে ধরেন। তিনি বলেন, তৃতীয় লিঙ্গের সদস্যদের আইনগতভাবে সুরক্ষা দিতে সমাজে সম্মানজনক স্থান করে দিতে এবং তারা যাতে সকলের সঙ্গে স্বাভাবিক জীবনযাপন করতে পারেন তার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। তিনি আরো বলেন, তৃতীয় লিঙ্গের উন্নয়নে রাজ্যে স্মাইল প্রজেক্টের স্কলারশিপ প্রদান এবং মাসে ২০০০ টাকা করে সামাজিক ভাতা প্রদানের ও ব্যবস্থা রয়েছে। অনুষ্ঠানে সমাজ উন্নয়ন ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা এল রাঞ্চল বলেন এখন পর্যন্ত রাজ্যে ২৫ জনকে ট্রান্স কার্ড দেয়া হয়েছে। আরো ৫০ জনকে কার্ড দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে বলে।

অনুষ্ঠানে ন্যাশনাল ইনস্টিটিউট অব সোশ্যাল ডিফেন্স ডিভিশনের ট্রান্সজেন্ডার বিষয়ক কনসালটেন্ট রবিনা বারিহা এন,আই,এস,ডির উপ-অধিকর্তা আর রাজগিরি বক্তব্য রাখেন।

*************************

**Share of Tax :**

কেন্দ্রীয় সরকার সংগৃহীত করের শেয়ার হিসেবে রাজ্যগুলোকে নিয়মিতভাবে দেওয়া অর্থরাশির বাইরে অতিরিক্ত কিস্তির অর্থ হিসেবে গতকাল ১ লক্ষ ৩৯ হাজার ৭৫০ কোটি টাকা রাজ্যগুলোকে প্রদান করেছে। এরমধ্যে ত্রিপুরা পেয়েছে ৯৮৯

কোটি ৪৪ লক্ষ টাকা। এর ফলে রাজ্যগুলোর উন্নয়ন এবং মূলধনী খাতে ব্যয় করা ত্বরান্বিত হবে।

বর্তমান বরাদ্দের ফলে ২০২৪-২৫ অর্থবর্ষে ১০ জুন পর্যন্ত মোট ২,৭৯,৫০০ কোটি টাকা দেওয়া হল রাজ্যগুলোকে।

**************************

**Review Meeting-MBB Airport :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মহারাজা বীরবিক্রম বিমানবন্দর থেকে আগরতলা শহর পর্যন্ত রাস্তার দু'পাশে সৌন্দর্যায়ন প্রকল্পে রাজ্যের চিরাচরিত মিশ্র সংস্কৃতিকে প্রাধান্য দেওয়ার পরামর্শ দিয়েছেন। আজ সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী এই পরামর্শ দেন। এই সৌন্দর্যায়নে স্থানীয় শিল্পীদের যুক্ত করে এই কাজকে আরও আকর্ষণীয় করার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি এয়ারপোর্ট-আগরতলা সড়কে দ্রুত পর্যাপ্ত স্ট্রিট লাইটের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেন।

বৈঠকে আগরতলা পুরনিগমের কমিশনার তথা স্মার্ট সিটি প্রকল্পের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডা. শৈলেশ যাদব জানান, আগরতলার রাধানগর মোটরস্ট্যান্ডে একটি আর্কষণীয় ফুট ওভার ব্রিজ নির্মাণ করা হবে। মূলত ভিড় এড়াতে এবং পথচারীদের সুবিধার্থে এই ফুট ওভার ব্রিজটি নির্মাণ করা হবে। দৃষ্টিনন্দন এই ফুট ওভার ব্রিজটিতে দু'পাশে মোট ৪টি অ্যাসকেলেটর লাগানো হবে। এটি নির্মাণে ব্যয় হবে ৫ কোটি ৬০ লক্ষ টাকা।

বৈঠকে শ্রী যাদব আরো জানান, সৌন্দর্য্যায়ন প্রকল্পের এর জন্যও ব্যয় হবে প্রায় সাড়ে ৫ কোটি টাকা।

*****************************

**Animesh Debbarma-Press Meet :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ মহাকরনে জানান, ত্রিপুরায় উত্তর পূর্বাঞ্চলের মধ্যে সবচেয়ে বড় ফুলের বাগান গড়ে তোলা হবে। এজন্য খোয়াই জেলার তুলাশিখর ফরেস্ট রেঞ্জে জমি নির্ধারণ করা হয়েছে। এই প্রকল্প সফল হলে রাজ্যের অন্য জেলাতেও এমন ফুলের বাগান গড়ে তোলা হবে। তিনি আরও জানান, জাতীয় সড়ক সম্প্রসারণ সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে গিয়ে কোনো বিকল্প উপায় না থাকায় রাস্তার পাশে থাকা দীর্ঘ বছরের পুরনো গাছ কাটতে হয়েছে। তাই পরিবেশে অক্সিজেনের মাত্রা স্বাভাবিক রাখতে আগামী ৫ জুলাই রাজ্যে ৫ মিনিটে পাঁচ লক্ষাধিক গাছের চারা রোপন করা হবে। এ বিষয় নিয়ে এখন পর্যন্ত স্কুল কলেজ, সামাজিক সংস্থা, সেনাবাহিনী সহ বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কর্মীদের সাথে আলোচনা হয়েছে।

******************************

**Sushanta Choudhury :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ অরুন্ধতীনগর খাদ্য দপ্তরের কেন্দ্রীয় গুদাম থেকে পাঁচটি লরির যাত্রার আনুষ্ঠানিক সূচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান জওহর সাহা, খাদ্য দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্রকুমার, অধিকর্তা নির্মল অধিকারী সহ অন্যান্যরা। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন রাজ্যে প্রতিদিনের নিত্যপণ্য সামগ্রী পরিবহনের জন্য দপ্তর থেকে ১ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয়ে এই পাঁচটি গাড়ি ক্রয় করা হয়েছে। তিনি বলেন রাজ্যের গণবন্টন প্রক্রিয়াকে আরো শক্তিশালী করার লক্ষ্যে দপ্তর কাজ করছে। কেন্দ্রীয় গুদাম

সহ বিভিন্ন গুদামগুলির আধুনিকীকরণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

*******************************

**CM Jan Arogya Yojana :**

মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে আজ বিশালগড় মহকুমা হাসপাতালে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: জে.এম দাস, বিশালগড় মহকুমা অন্তর্গত প্রতিটি নাগরিককে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার কার্ড করার জন্য আবেদন রাখেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক। তিনি বলেন, যেসমস্ত নাগরিক প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতাভুক্ত নন, তারা প্রত্যেকেই মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা পাবেন। বছরে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসার সুবিধা পাওয়া যাবে এই কার্ডের মাধ্যমে।

**************************

**PM, Yoga :**

দশম আন্তর্জাতিক যোগ দিবস পালিত হবে আগামী ২১শে জুন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সামাজিক মাধ্যমে বলেছেন, যোগব্যায়াম একটি নিরবিচ্ছিন্ন অনুশীলন যার মাধ্যমে একতা এবং সম্প্রীতি উদযাপন করা হয়। তিনি বৈচিত্র্যময় সংস্কৃতি এবং ভৌগোলিক সেতুবন্ধনের জন্য যোগের অসাধারণ ক্ষমতা তুলে ধরেন এবং বলেন যোগব্যায়াম সামগ্রিক মঙ্গল সাধনের জন্য সমগ্র বিশ্বে লক্ষ লক্ষ মানুষকে একত্রিত করেছে। শ্রী মোদি বলেন যে প্রত্যেকেরই যোগব্যায়ামকে জীবনের অবিচ্ছেদ্য অংশ

করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া এবং অন্যদেরও এই বিষয়ে উৎসাহিত করা উচিত।

*************************

**Odisha-News CM :**

বরিষ্ঠ বিধায়ক মোহন চরণ মাঝি ওড়িশার মুখ্যমন্ত্রী হচ্ছেন। বিজেপি পরিষদীয় দল আজ কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং এবং ভূপেন্দর যাদবের উপস্থিতিতে শ্রী মাঝিকে সর্বসন্মতিক্রমে দলের নেতা নির্বাচিত করেন। শ্রী মাঝি এই নিয়ে ৪ বার কেওনঝড় থেকে বিধায়ক হলেন। ওড়িশা বিধানসভায় দুইজন উপমুখ্যমন্ত্রী থাকছেন। এরা হলেন কনক বর্ধন সিং দেও এবং প্রভাতি পরিদা। মোহন চরণ মাঝি আজই রাজ্যপাল রঘুবর দাসের সঙ্গে দেখা করে মন্ত্রিসভা গঠনের দাবি জানানোর কথা।

***********************

**Heat wave :**

ভারতের আবহাওয়া দপ্তর আগামী তিন থেকে চার দিনের জন্য উত্তর প্রদেশ, হরিয়ানা এবং দিল্লি সহ পূর্ব ও উত্তর-পশ্চিম ভারতের কিছু অংশে তীব্র তাপপ্রবাহ পরিস্থিতির জন্য কমলা সতর্কতা জারি করেছে। দপ্তরের বিজ্ঞানী ডঃ আর কে জেনামানি আকাশবাণীকে বলেছেন যে পুণরায় তাপপ্রবাহ থেকে তীব্র তাপপ্রবাহ সৃষ্টি হয়েছে এবং প্রধানত উত্তর প্রদেশ এবং দিল্লিতে তা অব্যাহত থাকবে। তিনি বলেন, এই সময়ে তাপমাত্রা ৪৩ থেকে ৪৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকতে পারে।

************************

**Dhalai District Hospital :**

ধলাই জেলা হাসপাতালে আজ রোগী কল্যাণ সমিতির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না দাস পাল, আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর, জেলা শাসক বিবেক এইচ.বি, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ অ্যাপেলো কলই প্রমুখ। বৈঠক শেষে রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান-জেলা শাসক জানান, জেলা হাসপাতালের সামগ্রিক উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

****************************

**Blood Donation-Khowai :**

খোয়াইয়ের সোনাতলায় বিশ্ব হিন্দু পরিষদের খোয়াই গ্রামীণ প্রখণ্ডের উদ্যোগে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। সোনাতলা বাজারে আয়োজিত এই রক্তদান শিবিরে মোট কুড়িজন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহ-সভাধিপতি হরি শংকর পাল, পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা প্রমুখ।

******************************

**Administrative Action :**

দক্ষিন জেলা প্রশাসনের উদ্যোগে আজ মতাই, মুহুরীপুর ও বাইখোড়া এলাকার প্যাথোলজিগুলিতে অভিযান চালানো হয়। প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় ৩টি প্যাথলোজি বন্ধ করে দেওয়া হয়। জেলার সহকারী সমাহর্তা কৃষ্ণ চন্দ্র গুপ্তা অভিযানে নেতৃত্ব দেন। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাসও এই অভিযানে ছিলেন।

*************************

**Food Advisory Committee-Dhalai :**

আমবাসা মহকুমা ভিত্তিক ফুড এডভাইজারি কমিটির এক বৈঠক আজ মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক চিত্ত রঞ্জন দেববর্মা, আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর, আমবাসা মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা ও অন্যান্য আধিকারিকগণ। বৈঠক শেষে বিধায়ক চিত্ত রঞ্জন দেববর্মা জানান, আমবাসা মহকুমায় গণবন্টন ব্যবস্থাকে কিভাবে আরও শক্তিশালী করা যায় এই বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়।

*************************

**UGC :**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ইউজিসি, আগামী শিক্ষাবর্ষ থেকে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বছরে দু'বার শিক্ষার্থী ভর্তির অনুমতি দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে, কমিশনের নিয়ম অনুযায়ী একটি শিক্ষাবর্ষে একবার ভর্তির অনুমতি রয়েছে। কমিশনের চেয়ারম্যান অধ্যাপক মমিদালা জগদেশ কুমার বলেন, বোর্ডের ফলাফল ঘোষণায় বিলম্ব, স্বাস্থ্য সমস্যা বা ব্যক্তিগত কারণে যারা সময়মতো ভর্তি হতে পারেন না, এই সিদ্ধান্ত তাদের উপকারে আসবে।

*****************************

**Cabinet Ministers :**

নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের একাধিক মন্ত্রী আজ তাদের কার্যভার গ্রহণ করেছেন। বিশিষ্টদের মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, পররাষ্ট্রমন্ত্রী ডাঃ এস জয়শঙ্কর, কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ দায়িত্ব গ্রহণ করেছেন। এছাড়াও হরদীপ সিং পুরি পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রীরএবং গজেন্দ্র সিং শেখাওয়াত সংস্কৃতি মন্ত্রীর দায়িত্ব নেন। পরিবেশমন্ত্রীর দায়িত্ব নিলেন ভূপেন্দ্র যাদব। গিরিরাজ সিং কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করেন। এলজেপি (রাম বিলাস) নেতা চিরাগ পাসোয়ান আজ কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেছেন। অন্যান্য মন্ত্রীরা যারা আজ দায়িত্ব গ্রহণ করেছেন তাদের মধ্যে রয়েছেন কিরেন রিজিজু, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, মনোহর লাল খট্টর, ডাঃ জিতেন্দ্র সিং, জয়ন্ত চৌধুরী, সঞ্জয় শেঠ, অন্নপূর্ণা দেবী।

************************

**4th Aradhya of Tripura :**

কাজাকিস্তানে অনুষ্ঠিত এশিয়ান ইয়থ র‍্যাপিড দাবা প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১০ বছরের বালিকাদের বিভাগে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করে রাজ্যের আরাধ্যা দাস চতুর্থ স্থান দখল করেছে। সাত রাউন্ডে ৫ পয়েন্ট পেয়ে চতুর্থ হয় আরাধ্যা। এক সময় পাঁচ রাউন্ডে ৫ পয়েন্ট নিয়ে শীর্ষ ছিল। আসরে আরও দুটি ইভেন্টে খেলবে আরাধ্যা।

************************

**Yoga :**

আন্তর্জাতিক যোগ দিবস রাজ্যের প্রতিটি জেলায় উদযাপনের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। ক্রীড়া দপ্তর থেকে ইতিমধ্যেই সবকটি জেলাতে এই নির্দেশ পাঠানো হয়েছে। সরকারিভাবে দিনটি উদযাপনের সাথে এই কর্মসূচীতে বিভিন্ন ক্লাব, সংগঠন এবং এনজিও গুলিকেও যোগদান করতে বলা হয়েছে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠান হবে হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে। সেখানে আড়াই হাজার যোগা প্রেমীকে সামিল করতে উদ্যোগ নেয়া হয়েছে। ওই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত নেয়া হয়।

*******************************

**School Sports :**

ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের বার্ষিক সাধারণ সভা আজ রাজধানী আগরতলার ভগত সিং যুব আবাসের কনফারেন্স হল-এ অনুষ্ঠিত হয়। সভায় আগামী এক বছরের স্কুল স্তরের খেলাধুলার বিষয়ে রূপরেখা চূড়ান্ত করা হয়। আগামী জুলাই মাসে সুব্রত মুখার্জি কাপ ফুটবলের আসর দিয়ে স্কুলের খেলা শুরু হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। সভায় আরো সিদ্ধান্ত হয়েছে মোট ১৬টি ইভেন্টে রাজ্যস্তরের আসর হবে এবং জাতীয় আসরেও রাজ্যদল পাঠানো হবে। সভায় আটটি জেলার জিলা সভাধিপতি সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*******************************